No. of Printed Pages : 5 **BBGLA-135**

# B.A. General Programme
# Term-End Examination
# December-2024
# BBGLA-135 : Modern Indian Language-Bengali

*Duration : 3 Hours* *Maximum Marks: 100*

মুদ্রিত পৃষ্ঠার সংখ্যা : 5 **BBGLA-135**

# বিএ সাধারণ কার্যক্রম
# মেয়াদ শেষ পরীক্ষা
# ডিসেম্বর – 2024
# BBGLA-135 : আধুনিক ভারতীয় ভাষা – বাংলা

সময় : 3 ঘন্টা সর্বোচ্চ মান : 100

---

নিচের প্রশ্নগুলির উত্তর দিন:

1. "ভারততীর্থ" কবিতার কাব্যভাবনা ও তার প্রাসঙ্গিকতা বিচার করুন। 10

2. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কঠোর জীবন-সংগ্রামের পরিচয় কিভাবে "করুণাসাগর বিদ্যাসাগর" (সংস্কৃত কলেজ পর্ব ৪) এ ফুটে উঠেছে ব্যাখ্যা করে বুঝিয়ে দিন। 10

Downloaded from www.IGNOUBABA.com

3. প্রাচীন বাংলা ভাষার ভাষাতত্ত্বিক বৈশিষ্ট্য প্রদান করুন। 10

4. "ব্যক্তিগত চিঠিপত্র" অবলম্বনে রবীন্দ্রমানসের পরিচয় প্রদান করুন। 10

5. শূন্যস্থান পূরণ করুন: 10

(a) সব বাড়িতেই ছিল দুপুরে মেয়েদের ____ ।

(b) "ছিন্নপত্রাবলী"-র ২৪ সংখ্যক চিঠিটি লেখা হয়েছিল ____ থেকে।

(c) ____ সাথে হাতুড়ি পিটাই, ছুতোরের ধরি ____।

(d) ক্ষীরগঙ্গার উচ্চতা ____ ফুট।

(e) ঈশ্বর সংস্কৃত কলেজে প্রথম ভর্তি হয় ____ তৃতীয় শ্রেণীতে।

(f) আদি অস্ট্রেলীয়দের বলা হয় ____।

(g) বাংলাদেশ ____ আক্রমণ ও তার প্রভাব বাংলার জনমানস ভুলতে পারেনি।

(h) আজকাল ____ লেখাপড়ার আধিক্যে অনেকে নানারকম বেশ ধরে আফিসে যান।

(i) ____ শুতে আসে প্রায় মধ্যরাত্রির কাছ ঘেঁষে।

(j) ধর্মমঙ্গল কাব্যে ____ জয়গান কীর্তিত হয়েছে।

Downloaded from www.IGNOUBABA.com

6. নিচের প্রশ্নগুলির উত্তর দিন: 10

(a) মূর্ধন্য ধ্বনি কাকে বলা হয়?

(b) মালাধর বসু মূল ভাগবতের কোন দুটি স্কন্ধের বাংলায় অনুবাদ করেন?

(c) নবনীতা দেবসেনের ভ্রমণ সাহিত্যে "মানসিং" কে ছিল ?

(d) পিতা ঠাকুরদাস মারলে ঈশ্বর কোথায় গিয়ে প্রাণ বাঁচাত ?

(e) মঙ্গোলীয় জাতির দৈহিক বৈশিষ্ট্য কি?

(f) "আমি কবি ভাই কর্মের আর ঘর্মের" - এই কাব্যাংশের অর্থ কি?

(g) "দাঁত ফোটানো" এই বাগধারা দিয়ে একটি অর্থযুক্ত বাক্যরচনা করুন।

(h) প্রাচীন বাংলা ভাষায় কোন ছন্দে কবিতা লেখা হত ?

(i) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা কত নং চিঠিতে সাজাদপুরের পোস্টমাস্টারের কথা রয়েছে?

(j) "আত্মসর্বস্ব" গল্পটি কার লেখা?

Downloaded from www.IGNOUBABA.com

7. নিচের বাক্যগুলি শুদ্ধ না অশুদ্ধ বিচার করুন: 10

(a) হাতির নাম বাবরালি।

(b) জয় গোপালের বাড়িতে প্রতিবছর দুর্গাপূজা হতো।

(c) চর্যাপদ হল আদি-মধ্যযুগের বাংলা সাহিত্যের নিদর্শন।

(d) ঈশ্বর দেখতে ছোটোখাটো। কিন্তু মাথাটি সেই তুলনায় বেশ বড়োসড়ো ছিল।

(e) ভাটিয়ালি গানে নদী আর নৌকার কথা আসে।

(f) বৈঠকখানার মেকাবি ক্লাকে টাং টাং টাং করে পাঁচটা বাজ্লো।

(g) "ছিন্নপাত্র"-এর বহু চিঠিতেই রবীন্দ্র সাহিত্য সৃষ্টির বীজ রয়েছে।

(h) ঘড়ির কাঁটায় পাঁচটা বাজলেই সরু মোটা চিরুনি আর বাক্স দড়ি নিয়ে মেয়েরা পিসি-মাসিদের কাছে হাজির হতেন।

(i) শ্, স্, হ্ - ইত্যাদি হল উষ্মধ্বনির অন্তর্গত।

(j) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের তেরোটি খন্ড ছিল।

Downloaded from www.IGNOUBABA.com

8. টীকা লিখুন: 5x2=10

ভেড্ডিড প্রজাতি, ছেলেভুলানো ছড়া, ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্য, কাজিরাঙ্গা অরণ্য, ব্যঞ্জনধ্বনি

9. নিচের বাগধারাগুলি দিয়ে অর্থযুক্ত বাক্যরচনা করুন: 5

অরণ্যে রোদন, আক্কেল গুড়ুম, চিনির বলদ, কাঁচা পয়সা, একচোখো

10. নিচের প্রবাদগুলি দিয়ে বাক্যরচনা করুন: 5

আপনি বাঁচলে বাপের নাম, অতি দর্পে হত লঙ্কা, অতি ভক্তি চোরের লক্ষণ, পেটে খেলে পিঠে সয়, মরা হাতি লাখ টাকা

11. বিপরীত শব্দ লিখুন: 5

কালো, প্রাচীন, মিল, খাঁটি, সভ্যতা

12. দেশি-বিদেশি শব্দ নির্ণয় করুন: 5

ঢেঁকি, কবর, টাইপ, কলেজ, খবর



Downloaded from www.IGNOUBABA.com